# পারিবারিক মধ্যস্থতা

## আদালতের মাধ্যম ছাড়া পারিবারিক বিরোধ মীমাংসা

যদি আপনার দাম্পত্য সম্পর্ক ভেঙ্গে গিয়ে থাকে এবং আপনি বাস্তব সমস্যা সমূহ যেমনঃ

- সন্তানদের জন্য ব্যবস্থা – তারা কোথায় থাকবে এবং আপনি কখন তাদের সাথে দেখা করতে পারবেন
- সন্তানদের ভরণ পোষণের জন্য অর্থ প্রদান
- অর্থ-সম্পদ ভাগাভাগি করা (যেমনঃ বাড়ি, সঞ্চয় এবং পেনশন)
- ঋণ সংক্রান্ত বিষয় ইত্যাদির সমাধান করতে চান, সেক্ষেত্রে পারিবারিক মধ্যস্থতা আপনাকে সহায়তা করে।

SALAM MEDIATION

## পারিবারিক মধ্যস্থতা কি?

আপনি যদি বিচ্ছেদ অথবা বিবাহ বিচ্ছেদ করতে চান, তাহলে আইনজীবী মোটা অঙ্কের ফি অথবা আদালতে দীর্ঘ আইনী লড়াই ছাড়াই উদ্ভূত বিরোধ মীমাংসা করতে পারিবারিক মধ্যস্থতা আপনাকে সহায়তা করে। বিচ্ছেদের পর কি ঘটতে পারে তা বের করতে পেশাদার পারিবারিক মধ্যস্থতাকারীগণ আপনাকে সহায়তা করে। তারা আপনাকে এবং আপনার সাবেক সঙ্গীকে একসাথে ফিরিয়ে আনার চেষ্টা করবে না। আপনি যদি ইতোমধ্যে কিছু সময়ের জন্য আলাদা হয়ে গিয়ে থাকেন এবং সমস্যাসমূহ চিহ্নিত করতে চান, সেক্ষেত্রেও তারা আপনাকে সাহায্য করতে পারে। একজন মধ্যস্থতাকারী আপনার এবং আপনার সাবেক সঙ্গীর কথা শুনবে, একজনের উদ্বেগ এবং মতামতসমূহ অন্যজনের কাছে ব্যাখ্যা করবে এবং দুজনকেই একটি চুক্তিতে পৌঁছাতে সাহায্য করবে।

একটি ন্যায্য ও বাস্তবসম্মত সমাধানে পৌঁছাতে জনগণকে সহায়তা করার মাধ্যমেই মধ্যস্থতা কাজ করে। যাদের পক্ষে মধ্যস্থতার ব্যয় বহন করা সম্ভব নয়, তারা 'লিগেল এইড' স্কীম এর মাধ্যমে তা বিনামুল্যে পেতে পারেন।

## পারিবারিক মধ্যস্থতায় আপনার কি লাভ?

পারিবারিক মধ্যস্থতাঃ

- ঘটনা সম্পর্কে আপনাকে আরও কিছু বলার সুযোগ দেয়। কিন্তু মধ্যস্থতায় আপনি এবং অন্য পক্ষ সিদ্ধান্ত নেবেন। আপনি যদি আপনি যদি আদালতের দ্বারস্থ হন তবে একজন বিচারক সিদ্ধান্ত দেবেন।
- আপনার ও আপনার সঙ্গীর জন্য কম পীড়াদায়ক এবং কম বিরোধপূর্ণ। আপনার যদি সন্তান থাকে তবে তাদের জন্য কম হতাশাজনক। ঘটনার সাথে সম্পৃক্ত প্রত্যেকের জন্য এমন পথ দেখাতে সাহায্য করে যা ভবিষ্যতে আরও মঙ্গল বয়ে আনবে।
- দুই পক্ষের মধ্যে যোগাযোগ উন্নত করে এবং আপনার ভবিষ্যৎ নির্ধারণে সহায়তা করে।
- উভয়ের সম্মতি সাপেক্ষে চুক্তিসমূহ পর্যালোচনা ও পরিবর্তন করা যায়। যেমনঃ যদি আপনার অবস্থার পরিবর্তন ঘটে, আপনার সন্তান বড় হওয়ার সাথে সাথে তাদের বিভিন্ন ধরনের চাহিদা তৈরি হয়।

> পিতা-মাতার সহযোগিতামূলক আচরণ সন্তানদের জীবনকে সহজ করে তোলে এবং গুরুত্বপূর্ণ পারিবারিক সম্পর্ক চালিয়ে যেতে তাদের সাহায্য করে।

> তুলনামুলকভাবে দ্রুত কার্যকরী ও কম ব্যয়বহুল। মতবিরোধ মিটিয়ে ফেলার জন্য দীর্ঘদিন ধরে চলা আইনী লড়াইয়ের চেয়ে একটি অধিকতর ভাল উপায় যা যত দ্রুত সম্ভব আপনার বাকী জীবন চালিয়ে নিয়ে যেতে সাহায্য করে।

## পারিবারিক মধ্যস্থতাকারীরা কি করে?

যাদের সম্পর্ক ভেঙ্গে গেছে তাদের সাথে কাজ করার জন্য পারিবারিক মধ্যস্থতাকারীরা প্রশিক্ষিত। তারা পেশাদার ব্যাকগ্রাউন্ড (আইন, সেবা স্বাস্থ্য) থেকে আসে। মধ্যস্থতাকারীরা এমন সমাধান খুঁজে বের করে যাতে আপনারা উভয়েই ঐক্যমতে পৌঁছাতে পারেন। একজন মধ্যস্থতাকারী পরিস্থিতি বোঝার জন্য আপনাকে প্রশ্ন করবে। আদালতে না গিয়ে আপনি বরং নিয়ন্ত্রণে থাকেন। কেউ আপনার  ইচ্ছার বিরুদ্ধে কিছু করতে আপনাকে বাধ্য করতে পারে না। আলোচনা গোপন রাখা হয়।

পিতা-মাতা উভয়ের সাথেই সন্তানদের সম্পর্কের অধিকার রয়েছে (যতক্ষণ পর্যন্ত তা নিরাপদ থাকে) এবং তাদের চাহিদাসমূহ সবচেয়ে গুরুত্বপূর্ণ। আলোচনায় শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য কিছু মধ্যস্থতাকারীকে প্রশিক্ষিত করা হয়। কিন্তু এ ধরনের অন্তর্ভুক্তি শুধুমাত্র তখনই করা হয় যদি আপনি, আপনার সাবেক সঙ্গী এবং সন্তান একমত পোষণ করেন।

## প্রথম সভা বা মধ্যস্থতা, তথ্য ও মূল্যায়ন সভা (মিয়াম)

প্রথম ধাপ  হলো  মধ্যস্থতাকারীর সাথে একটি সভায় যোগদান করা যাতে মধ্যস্থতা সম্পর্কে আপনি আরও জানতে পারেন এবং এটি আপনার জন্য সঠিক কিনা তা বুঝতে পারেন। এটিকে  সাধারণত 'মেডিয়েশন ইনফরমেশন এন্ড অ্যাসেসমেন্ট মিটিং (মিয়াম)' বা 'প্রথম সভা' বলা হয়। এ সভায় আপনি আপনার সাবেক সঙ্গীর সঙ্গে যেতে পারেন, অথবা আপনি চাইলে মধ্যস্থতাকারীর সাথে আলাদাভাবে দেখা করতে পারেন। অন্যান্য সাহায্য এবং সহায়তা পরিষেবাসমূহ পেতে আপনাকে সাহায্য করার জন্যও  মধ্যস্থতাকারী প্রশিক্ষিত, অবশ্য যদি আপনি তা প্রয়োজন মনে করেন।

## কখন আমার মিয়াম-এ যেতে হবে?

মধ্যস্থতা প্রায়শই সবচেয়ে বেশী কার্যকর হয় যখন তা প্রাথমিক পর্যায়ে করা হয়, বিশেষ করে ঘটনাসমূহ বড় ধরনের সমস্যায় পরিণত হওয়ার পূর্বে। আপনি এবং আপনার সাবেক সঙ্গী বিচ্ছেদের ব্যাপারে একটি সিদ্ধান্তে পৌঁছার এবং পরবর্তী ব্যবস্থাসমূহ বাছাই করার জন্য  সাহায্যের প্রয়োজনীয়তা দেখা দেয়ার সাথে সাথেই একজন মধ্যস্থতাকারীর সাথে যোগাযোগ করা উত্তম। আপনাকে প্রথমেই একজন উকিলের সাথে দেখা করার দরকার নেই। কিন্তু যদি আপনি তা করেন, তবে তাঁর উচিত  মধ্যস্থতা সম্পর্কে আপনাকে বলা। এমনকি আপনি যদি কিছু সময়ের জন্য বিচ্ছিন্ন হয়ে গিয়ে থাকেন অথবা আপনার বিষয়টি ইতোমধ্যে আদালতে উঠেও থাকে, তাহলেও মধ্যস্থতা এখনো আপনার যেকোনো বিরোধের সমাধানে সাহায্য করতে পারে। আইন এমন কথাই বলে যে, আদালতে মামলা করার আগে মধ্যস্থতা সাহায্য করতে পারে কিনা  তা অবশ্যই আপনাকে বিবেচনা করতে হবে। অর্থাৎ বিশেষ পরিস্থিতি (গার্হস্থ্য সহিংসতা, অপব্যবহার) সৃষ্টি না হলে আপনার উচিত একটি মিয়াম-এ যোগদান করা।

## পারিবারিক মধ্যস্থতায় গেলে কি হবে?

মিয়াম এর পরে, যদি আপনারা সকলেই মধ্যস্থতা করতে সম্মত হন, তাহলে আপনাকে কয়েকটি মধ্যস্থতা সেশনে (সাধারণত ১-২ ঘণ্টা প্রতিটি) অংশ নিতে হবে। সেশনের সময়কাল এবং সংখ্যা আপনার পরিস্থিতির উপর নির্ভর করবে। যখন একটি সমঝোতায় পৌঁছানো হয়, তখন মধ্যস্থতাকারী তা একটি 'সমঝোতা স্মারক'-এ লিপিবদ্ধ করবেন যাতে গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে প্রত্যেকেই সুস্পষ্টভাবে অবহিত  হতে পারে। যদি আপনি এবং আপনার সাবেক সঙ্গী উভয়েই সম্মত হন, তবে মধ্যস্থতার মাধমে সম্পাদিত  চুক্তিসমূহ  আদালত দ্বারা আইনগতভাবে বাধ্যতামুলক করা যেতে পারে।

এটি কখনো কখনো উপযোগী হয় যদি ব্যবস্থাসমূহ সুনির্দিষ্ট সময়ের জন্য করা হয়। উদাহরণ  হিসাবে বলা যেতে পারে, সন্তানের ভরণপোষণের জন্য অর্থ প্রদান অথবা আপনি যদি আপনাদের উভয়কে চুক্তি মেনে চলার সুবিধার্থে আরও আনুষ্ঠানিক কিছু চান। মধ্যস্থতার মধ্য দিয়ে যাওয়া কিছু লোক মনে করে প্রয়োজনীয় পরামর্শ দেওয়ার ফলে তাদের  জন্য আইনি সহায়তা পাওয়া সহজ হয়েছে। এ লক্ষ্যে অর্থ প্রদানের জন্য প্রয়োজনীয় আইনি সহায়তা পাওয়া যেতে পারে।

## পরিকল্পনা অনুযায়ী কাজ না হলে তারপরে কি হবে?

যদি পরিস্থিতি পরিবর্তিত হয় এবং গৃহীত ব্যবস্থাসমূহ কাজ না করে, তখন আপনি পুনরায় মধ্যস্থতাকারীর শরণাপন্ন হতে পারেন। প্রয়োজনে, আপনি সমঝোতা স্মারক পরিবর্তন করতে সম্মত হতে পারেন।

## পারিবারিক মধ্যস্থতা কি সবার জন্য সঠিক?

পারিবারিক মধ্যস্থতা বেশীর ভাগ মানুষের জন্য কাজ করে। মধ্যস্থতা আপনাদের উভয়ের জন্য কাজ করবে কিনা সে সম্পর্কে মিয়াম-এ মধ্যস্থতাকারী আপনার সাথে কথা বলবে এবং আপনাকে  অন্যান্য বিকল্প সম্পর্কে অবহিত করবে যা আপনাকে এখনো আদালতে যাওয়া থেকে বিরত রাখতে পারে। বিকল্প উপায়ের উদাহরণ হিসাবে ‘সহযোগিতামূলক আইন’ বা ‘আইনজীবী আলোচনা’র কথা বলা যেতে পারে।

## আমি যদি আদালতে যেতে চাই  তখন কি হবে?

আইন বলে যে, আদালতে মামলা করার আগে মধ্যস্থতা সাহায্য করতে পারে কিনা তা অবশ্যই আপনাকে বিবেচনা করতে হবে। এটি না হওয়া পর্যন্ত একজন বিচারক আপনার মামলা বন্ধ রাখতে পারেন। আপনাকে আদালতে দেখাতে হবে যে

a) আপনি মধ্যস্থতা সম্পর্কে জানতে একটি মিয়াম-এ অংশ নিয়েছেন অথবা

b) সি১০০ ফর্মের ১১ নং ধারার অধীনে তালিকাভুক্ত বিশেষ পরিস্থিতির কারনে আপনাকে এটি করতে হবে না।

বিশেষ পরিস্থিতির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে গার্হস্থ্য সহিংসতা অথবা শিশু নির্যাতনের ঘটনা, যা মধ্যস্থতার জন্য সঠিক নাও হতে পারে। মধ্যস্থতাকারী আপনাকে মিয়ামে বা প্রথম বৈঠকে এই বিষয়ে  পরামর্শ দিতে পারেন। অন্যদিকে, যদি আপনার কাছে গার্হস্থ্য সহিংসতা বা শিশু নির্যাতনের প্রমাণ থাকে, তবে আপনাকে মিয়াম-এ যেতে হবে না। শুধু তাই নয়, আপনার বিষয়টি আদালতে আনতে সাহায্য করার লক্ষ্যে (আইনজীবী নিয়োগের জন্য) অর্থ প্রদানের জন্য আপনি আইনি সহায়তা পেতে পারেন।

## আমাদের কি মধ্যস্থতার জন্য অর্থ প্রদান করতে হবে?

আপনি আইনি সহায়তার জন্য যোগ্য বলে বিবেচিত হলে, পারিবারিক মধ্যস্থতা বিনামূল্যে করা হবে। যদি আপনার সঙ্গীর পারিবারিক মধ্যস্থতার জন্য আইনি সহায়তা থাকে, সেক্ষেত্রে আপনাকে শুধুমাত্র দ্বিতীয় সেশন এবং পরবর্তী যেকোনো মধ্যস্থতা সেশনের জন্য চার্জ দিতে হবে। তথ্য ও মূল্যায়ন সভা এবং প্রথম  মধ্যস্থতা সেশনও আপনার জন্য হবে বিনামূল্যে।

যদি আপনাকে মধ্যস্থতার জন্য অর্থ প্রদান করতে হয়, তাহলে আপনার এফএমসি নিবন্ধিত মধ্যস্থতাকারীকে জিজ্ঞাসা করুন যে, তাদের সাথে প্রথমবার যোগাযোগের চার্জ কত। চার্জ সম্পর্কে ধারণা পেতে আপনি কিছু স্থানীয় মধ্যস্থতাকারীদের ফোন করতে পারেন। কারন এই চার্জের তারতম্য হতে পারে।

## বিস্তারিত জানতে যোগাযোগ করুনঃ

সালাম মেডিয়েশন, ইউকে (বিনামূল্যে ৩০ মিনিট পরামর্শ প্রদান করা হয়)
ওয়েবসাইটঃ  www.salammediation.co.uk, ফোনঃ 075 2323 9999
সোমবার-শুক্রবারঃ সকাল ১০টা-সন্ধ্যা ৭টা



**Salam Mediation**
*FMC Registered Family Mediator*
Contact: 075 2323 9999
info@SalamMediation.co.uk

**www.salammediation.co.uk**

SALAM MEDIATION